

## পরিচয়

দিল্লির রাস্তায় খালি পায়ে ঠেলা টানে, মোট বয়  
এই ওর প্রথম পরিচয়।  
গায়ে ছেঁড়া গেঁঞ্জী, ত্যালতেলে মুখে ঘামে ভেজা প্রত্যয়  
এও ওর আর এক পরিচয়।

গেশীগুলো নিয়ত কর্মরত কুশলী নিষ্ঠায়  
কাঁচিক পরিশ্রমে ঝান্ট হয়েও সে ঝান্ট নয়।  
খোলা সড়কে ট্রাক লরির সাথে তার ঠেলাখানা এগোয়  
সে তান্ডবের সাথে সদা পাশা পাশি মুখে মুখি হয়!

তার লোমকূপ থেকে রাশি রাশি জলজ ফোটায়  
দেহের তাপসাম্য রাখতে বজায়  
ভিজে পাহাড়ের গা বেয়ে ঝ'রে পড়া জলের মতোই  
ঘাম হোয়ে অবিরাম বয়ে ঘায়।

সেই ঘাম কপাল থেকে নেবে পথ করে নেয়  
নাক বেয়ে বয়ে ঘায়  
তারপর ফেঁটায় ফেঁটায় ঝারে পড়ে অবহেলায়  
এই ধরণীর প্রকৃতিজাত মাটির ধুলায়।

শিরা ও ধমনীতে প্রবাহমান জীবন্ত শোণিতে ন্যস্ত  
দেহের সজীবতা রক্ষায় যে তরল সতত ব্যস্ত-  
সেও পান করে ঘন ঘন প্লাস্টিক শিশিতে রাখা স্বচ্ছ নীর অবিরত  
এই ভাবে দেহ ও মনের উত্তাপ তার নিয়ন্ত্রিত সতত।

সমান তালে তাল মিলিয়ে পাঞ্চা দেয়  
ওর রক্তভরা রক্তাভ হৃদয়-  
জীবনের কঠোরতায় পরিচিত হোয়েও ওর হৃদয় পরিশ্রান্ত নয়  
এই ওর সাদা পরিচয় !